

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, রোড।
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০১১.১৯ -২৫

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪২৫
১১ মার্চ ২০১৯

বিষয় : দিনাজপুর জেলার বিরামপুর উপজেলাধীন ভবানীপুর দাখিল মাদ্রাসা -এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাব-এর উপর মন্ত্রণালয়ের চূড়ান্ত নির্দেশনা।

সূত্র:- মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৯.০৬২.১৮-৩৮৪ তারিখঃ ২.০১.২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তি সমূহের ব্রডশীট জবাবের উপর এ বিভাগ কর্তৃক মাদ্রাসার সুপারের প্রতি নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

| ক্র: নং | নির্দেশনা |
|---------|--|
| ১ | স্বীকৃতি নবায়ন হালনাগাদ রাখতে হবে। |
| ২ | নিয়মিত ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে মাদ্রাসা পরিচালনা করতে হবে। |
| ৩ | প্রতি বছর প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তির স্টকটেকিং ব্যবস্থা চালু রাখতে এবং স্টকটেকিং প্রতিবেদন ম্যানেজিং কমিটির অনুমোদনপূর্বক স্টক রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে। |
| ৪ | ফাইল রেজিস্ট্রার, চাঁদা আদায়ের রশিদ বহির রেজিস্ট্রার, ডিমান্ড ও রিসিট রেজিস্ট্রার, সাবসিডিয়ারী রেজিস্ট্রারসহ ব্যবহৃত রেজিস্ট্রারসমূহ যথাযথভাবে ব্যবহার এবং তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। |
| ৫ | মহিলা কোটা পূরণ সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক ০৩ জন মহিলা শিক্ষক কর্মরত আছেন। ভবিষ্যতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা পূরণের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| ৬ | নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়নি। পরিদর্শনকালে ০২ জন শিক্ষক জনাব, মো: রায়হান কবির সহ: সুপার নিয়োগ কালীন সময়ে পূর্ব অভিজ্ঞতা ছিল না এবং জনাব মো: মুক্তার হোসেন শরীরচর্চা শিক্ষক, বিপিএড সনদ ছিল না বিধায় নিয়োগ সংক্রান্ত বিষয়ে আপত্তি ছিল। উক্ত ০২ জন শিক্ষকের ক্ষেত্রেই কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকা সত্ত্বেও কী করে নিয়োগ ও যোগদান কার্যক্রম সম্পন্ন হলো তা ব্যাখ্যা দেয়ার জন্য মাদ্রাসার সুপারকে নির্দেশ দেয়া হলো। উল্লেখ্য নিয়োগ বিজ্ঞপ্তির কপি, নিয়োগের রেজুলেশনের কপি এবং যোগদান পত্রের সত্যায়িত কপি অত্র বিভাগে আগামী ০৬/০৪/২০১৯ তারিখের মধ্যে পাঠানোর জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো। |
| ৭ | ২৪/১০/৯৫ তারিখের জনবল কাঠামো ০৪/০২/২০১০-তারিখে প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত এ নির্দেশিকা জারীর পূর্বে বিধিমোতাবেক নিয়োজিত নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠান প্রধান বা সহ-প্রধানগণ এমপিওভুক্তির সময়ে এবং ইনডেপেন্ডেন্ট প্রতিষ্ঠান প্রধান বা সহ-প্রধানগণ পরিশিষ্ট-‘ঘ’ অনুযায়ী কাম্য অভিজ্ঞতা না থাকলে বর্ণিত স্কেলের এক ধাপ নিচের বেতন স্কেলে বেতন-ভাতাদি পাবেন। তবে অভিজ্ঞতা পূর্ণ হলে পরিশিষ্ট-‘ঘ’ অনুযায়ী বেতন-ভাতাদি পাবেন। এক্ষেত্রে উক্ত ০২ জন শিক্ষক কোন স্কেলে বেতন-ভাতাদি পেয়েছেন এবং তাঁরা যদি একধাপ নিম্ন স্কেলের বেতন পেয়ে থাকেন তাহলে তাঁদের কর্তৃক গৃহীত অতিরিক্ত বেতন-ভাতাদি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে তার প্রমাণক আগামী ০৬/০৪/২০১৯ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো। |
| ৮ | ২৪/১০/১৯৯৫ ও ৪/০২/২০১০ তারিখের নীতিমালা মোতাবেক প্রতিষ্ঠানটিতে স্টাফিং প্যাটার্নের অতিরিক্ত শিক্ষক-কর্মচারী এমপিওভুক্ত নেই। |
| ৯ | পরিদর্শনকালে উক্ত মাদ্রাসার সহকারী শিক্ষক জনাব মো: রোস্তম হোসেন শিক্ষাগত যোগ্যতার কোন সনদ প্রদর্শন করতে না পারলেও ব্রডশীট জবাবের সাথে তাঁর শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি সংযোজন করায় তাকে আপত্তি থেকে অব্যাহতি দেয়া হলো। |
| ১০ | শিক্ষক অভিজ্ঞতা: পরিদর্শনকালে কোন শিক্ষক পূর্ব অভিজ্ঞতা দাবী করেননি বিধায় মতামত প্রয়োজন নেই। |
| ১১ | প্রতিষ্ঠানটিতে মোট জমির পরিমাণ ১.৪০ একর। তন্মধ্যে ০.৯৪ একর জমি প্রতিষ্ঠানের নামে খারিজকৃত এবং ১৪২২ বাংলা সনদ পর্যন্ত খাজনা পরিশোধিত। অবিলম্বে অবশিষ্ট জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করে জমির নাম খারিজসহ হালসন নাগাদ খাজনা পরিশোধ করে দাখিল। সংরক্ষণ করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো। |
| ১২ | আর্থিক সামর্থ অনুযায়ী প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো উন্নত করে শিক্ষক মিলনায়তন, বিজ্ঞানাগার, ছাত্রী মিলনায়তন ও পাঠাগার ব্যবস্থা সন্তোষজনক করতে হবে। |
| ১৩ | আর্থিক সামর্থ অনুযায়ী প্রতিষ্ঠানটিতে শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থী অনুপাতে বিধি-বিধানের আলোকে প্রয়োজনীয় আসবাবপত্রের ব্যবস্থা করতে হবে। |

| ক্র: নং | নির্দেশনা |
|---------|--|
| ১৩ | প্রতিষ্ঠানে বারে পড়া শিক্ষার্থীদের হার কমিয়ে আনার লক্ষ্যে সুপারকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| ১৪ | একাডেমিক উন্নয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিসহ সকল সদস্যকে অনুরোধ করা হলো: ১. পাঠদানে শিক্ষা উপকরণ ব্যবহার করতে হবে; ২. শিক্ষার্থীদের বাড়ির কাজ দিয়ে তা যথাসময়ে আদায় করতে হবে; ৩. শ্রেণিকক্ষে শিক্ষকের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে; ৪. শ্রেণির অপেক্ষাকৃত দুর্বল অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে; ৫. প্রতিটি শ্রেণিতে মাসিক টিউটোরিয়াল পরীক্ষা চালু করতে হবে; ৬. Participatory Method চালু করতে হবে; ৭. বার্ষিক অভিভাবক সভা করে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া এবং উপস্থিতি সম্পর্কে অভিভাবকদেরকে অবহিত করতে হবে; ৮. প্রতিষ্ঠানের লেখা-পড়ার মান উন্নত করার লক্ষ্যে পরিচালনা কমিটি ও শিক্ষকমন্ডলী কর্তৃক যৌথভাবে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে; ৯. ইংরেজি ভাষা ও তথ্য প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করতে হবে এবং ১০. শ্রেণিকক্ষে পাঠদান যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে। |
| ১৩ | পরীক্ষা সংক্রান্ত তথ্য ও মন্তব্য: ক. অভ্যন্তরীণ পরীক্ষা খ. বোর্ড বা পাবলিক পরীক্ষা(ফলাফল মোটামুটি সন্তোষজনক গ. জেডিসি পরীক্ষা এবং ঘ. বৃত্তি পরীক্ষার ফলাফলের মান সন্তোষজনক নয়। উক্ত পরীক্ষাগুলোর ফলাফলের মান সন্তোষজনক করার জন্য সুপার, পরিচালনা কমিটি ও শিক্ষকমন্ডলীকে যৌথভাবে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। |
| ১৪ | পাঠাগারঃ পাঠাগারের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য পরিচালনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো: ক. পাঠাগারের জন্য কাম্য সংখ্যক পুস্তক সংগ্রহ করা; খ. শিক্ষক-শিক্ষার্থীদের নামে নিয়মিত পুস্তক ইস্যু করা; গ. পাঠাগারে পুস্তক যথাযথভাবে সংরক্ষণ করা; ঘ. পাঠাগারের পাঠ সহায়ক ম্যাগাজিন/পত্রিকা রাখা; ঙ. পাঠাগারে ছাত্রীদের পাঠ সহায়ক পরিবেশ তৈরী করা। |
| ১৫ | প্রতিষ্ঠানটিতে বিজ্ঞান বিভাগ চালু নেই। প্রয়োজনীয়তার নিরিখে বিজ্ঞান বিভাগ চালু করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। |
| ১৬ | পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়া ম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করা সহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণ করতে হবে। |
| ১৭ | আয়-ব্যয় সংক্রান্ত তথ্য ও মন্তব্য: আয়-ব্যয়ের ক্ষেত্রে নিম্নের নির্দেশনা সমূহ যথাযথভাবে পালন করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো: ১. সকল আয়-ব্যয় ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করা; ২. খরচের ভাউচারে কমিটির অনুমোদন গ্রহণপূর্বক গার্ড ফাইলে সংরক্ষণ করা; ৩. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করা; ৪. প্রতিটি লেনদেন কলামনার ক্যাশবহিতে যথানিয়মে রক্ষণাবেক্ষণ করা; ৫. খরচের ভাউচারে আয়ন-ব্যয়ন কর্মকর্তার অনুস্বাক্ষর করা; ৬. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ নির্দেশিকা মোতাবেক আয়-ব্যয় নির্বাহ করা; ৭. প্রযোজ্য ক্ষেত্রে আয়-কর ও ভ্যাট প্রদান করতে হবে; ৮. ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় কাজ সম্পন্ন করা; ৯. প্রযোজ্য ক্ষেত্রে স্পট কেসেশন ও টেন্ডার করতে হবে এবং ১০. প্রতি তিন মাস অন্তর অন্তর তিন সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করে প্রতিবেদন কমিটির অনুমোদনপূর্বক সংরক্ষণ করতে এবং পর্যায়ক্রমে সকল শিক্ষককে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে এবং পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে। |
| ১৮ | বিগত পরিদর্শন প্রতিবেদনে অবাস্তবায়িত সুপারিশসমূহ ৬-এর ২-এর জনাব মো: ছমির উদ্দিন সরকার, সহ;মৌলভী এবং ৬-এর ৩-এ জনাব মো: আতাউর রহমান চৌধুরী, এবতেদায়ী প্রধান কর্মরত থাকায় তাদের নিয়োগ ১৯৮২ সনের নিয়োগ বিধি অনুযায়ী সংশোধন করায় তার প্রমাণক আগামী ৬/৪/২০১৯ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ সাপেক্ষে আপত্তি নিষ্পত্তি করা হবে। |
| ১৯ | বিবিধ: মামলা: নেই বিধায় মতামত প্রয়োজন নেই। ইভটিজিং-এর কুফল, ক্ষধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ে তোলার জন্য শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীসহ সবাইকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। |

০২। এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনা অনুসরণ ও বাস্তবায়ন সহ প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতি এবং অন্যান্য সদস্যগণকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।


১১, ০৬, ১৮

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব(অডিট)
ফোন: ৯৫৭৫২৭২

সুপার,
ভবানীপুর দাখিল মাদ্রাসা,
ডাক: কাটলাহাট, উপজেলা: বিরামপুর
জেলা: দিনাজপুর।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইসকাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ২। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব, মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সভাপতি, ভবানীপুর দাখিল মাদ্রাসা, ডাক: কাটলাহাট, উপজেলা: বিরামপুর জেলা: দিনাজপুর।
- ৮। যুগ্মসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। উপসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ১১। অফিস কপি/মাস্টার কপি।